

উপজেলা মুক্তিযোদ্ধা সম্পর্কিত স্থায়ী কমিটি এর সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোছা: আনোয়ারা বেগম

সভার স্থানঃ ভাইস চেয়ারম্যান পলাশবাড়ী মহোদয়ের কক্ষ।

তারিখ ও সময়ঃ ০৫/১২/২০২৩খ্রি. দুপুর ১২.৩০ ঘটিকা।

উপজেলা মুক্তিযোদ্ধা সম্পর্কিত স্থায়ী কমিটির সভা উপজেলা ভাইস চেয়ারম্যান, পলাশবাড়ী মহোদয়ের সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সম্মানীত সদস্যদের স্বাক্ষর পরিশিষ্ট “ক” তে দেখানো হলো। সভার শুরুতে সভাপতি মহোদয় সম্মানীত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব মোঃ শফিউল ইসলাম মন্ডল, উপজেলা সমাজসেবা অফিসার আলোচ্য সূচি সমূহ পড়ে শোনান।

আলোচ্য বিষয়:

০২. উপজেলা মুক্তিযোদ্ধা সম্পর্কিত স্থায়ী কমিটির কার্যপরিধি সম্পর্কে আলোচনা।

আলোচনা:

সদস্য সচিব ও সমাজসেবা অফিসার সভায় বলেন যে, উপজেলা পরিষদের কার্যক্রমকে শক্তিশালী ও বেগবান করার জন্য স্থায়ী কমিটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে এবং এজন্য নিয়মিত সভা করা প্রয়োজন। সভাপতি ও ভাইস চেয়ারম্যান মহোদয় বলেন যে, পলাশবাড়ী উপজেলায় একটি সুন্দর মুক্তিযোদ্ধা কমপ্লেক্স রয়েছে এটিকে যদি সুন্দর করে সাজানো হয় তাহলে আগামী প্রজন্মের জন্য মুক্তিযুদ্ধ সম্পর্কে জানানো সম্ভব হবে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত:

২.১: উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ সম্পর্কে বিভিন্ন ধরনের আলোকচিত্র স্থাপনের মাধ্যমে মিনি জাদুঘর করার জন্য সম্মানীত চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোছা: আনোয়ারা বেগম

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা মুক্তিযোদ্ধা সম্পর্কিত স্থায়ী কমিটি
পলাশবাড়ী, গাইবান্ধা।

স্মারক নং ৪১.০১.০০.৩২৬৭.০০০.১৬.০০১.২৩-২৭৬ তারিখ ৫/১২/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশবাড়ী, গাইবান্ধা।


২। উপজেলা নির্বাহী অফিসার, পলাশবাড়ী, গাইবান্ধা।

৩। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, পলাশবাড়ী, গাইবান্ধা।

৪। চেয়ারম্যান ইউ.পি, পলাশবাড়ী, গাইবান্ধা।

৫। জনাব সদস্য উপজেলা মুক্তিযোদ্ধা সম্পর্কিত স্থায়ী কমিটি, পলাশবাড়ী, গাইবান্ধা।

৬। অফিস নথি।


সদস্য সচিব

উপজেলা মুক্তিযোদ্ধা সম্পর্কিত স্থায়ী কমিটি

ও

উপজেলা সমাজসেবা অফিসার
পলাশবাড়ী, গাইবান্ধা